



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল।
www.lged.gov.bd



"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০২.০৬০২.০০০.৯৯. ২২. ৪৮৪

তারিখ :- ২৯/০৯/২০২২ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

২০২২- ২৩ অর্থ বছরে এলজিইডি, আগৈলঝাড়া এর অনুকূলে অনুন্নয়ন বাজেটের "মেরামত ও সংরক্ষণ" খাতের আওতায় ১ (এক) অর্থ বছরের জন্য নিম্নে বর্ণিত রাস্তা নিয়মিত রক্ষনাবেক্ষন করার জন্য সংশ্লিষ্ট রাস্তার পাশে বসবাসকারী দুঃস্থ, পরিবার প্রধান, স্বামী পরিত্যক্তা, বিধবা ও কর্মক্ষম কিছু মহিলা কর্মী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হবে। অত্রহী প্রার্থীদের আগামী ১৬/১০/২০২২ ইং তারিখে সকাল ১০.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহন করার জন্য আহ্বান করা যাচ্ছে।

প্রার্থীদের যোগ্যতা সমূহ :

০১. বিধবা, স্বামী পরিত্যক্তা এবং পরিবার প্রধান হত দরিদ্র মহিলা যারা কায়িক শ্রমের মাধ্যমে জীবিকা অর্জন করে।
০২. নির্বাচিত মহিলা কর্মীগণ ভূমিহীন বা তাদের ০.৫ একরের নীচে মালিকানা স্বত্ব জমি থাকতে পারবে।
০৩. নির্বাচিত মহিলা কর্মীদের শারিরিক ভাবে মাটির কাজ (কায়িক পরিশ্রম) করার ক্ষমতা থাকতে হবে।
০৪. ১৮-৪০ বছরের বয়স্ক সর্বাধিক দুঃস্থ কর্মক্ষম মহিলা কর্মী নির্বাচন করা হবে।
০৫. বয়স প্রত্যয়নের জন্য ন্যাশন্যাল আইডি কার্ড (NID) দেখাতে হবে।
০৬. কর্মীগণকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
০৭. এলজিইডি কর্তৃক মেরামতের জন্য তালিকা ভুক্ত সড়কের নিকটবর্তী বসবাসকারী মহিলাগণ এ প্রকল্পের কাজ করার ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।
০৮. আরইআরএমপি ১ম ও ২য় পর্যায়ের কর্মী/দ্বিতীয় পর্যায়ের ছাটাই কৃত কর্মী, ই আর প্রকল্পের কর্মী, এফএসইউপি অথবা ডিজিডি ইত্যাদি প্রকল্পে যারা বিগত দুই বছরের মধ্যে সহায়তা পেয়েছেন তারা এই প্রকল্পের নিয়োগ প্রাপ্তির যোগ্য হবে না।
০৯. নির্বাচিত মহিলা কর্মীগণ প্রতি কর্ম দিবসের জন্য ৩০০/- টাকা হারে বেতন প্রদান করা হবে। অনুপস্থিত দিবসের বেতন প্রদান করা হবে না।

ক্রঃ নং	রোড আই নং	রাস্তার নাম	রাস্তার দৈর্ঘ্য	পদের সংখ্যা	চাকুরীর মেয়াদ কাল	ইউনিয়নের নাম
১	৫০৬০২২০০২	পূর্ব সুজনকাঠি আরএইচডি (রশিদ ফকিরের ব্রীজ) - ধামুরা জিসি ভায়া সাহেবের হাট জিসি (আগৈলঝাড়া অংশ)	১০.৭৫১ মিঃ	১১	৩০শে জুন/২০২৩	গৈলা ও রত্নপুর
২	৫০৬০২২০০৮	বার্থি - ভালুকশী - মাগুরা - বাকালহাট সড়ক	১৩.১১৫ মিঃ	২	৩০শে জুন/২০২৩	রাজিহার ও বাকাল


(শিপলু কর্মকার)

উপজেলা প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগৈলঝাড়া, বরিশাল।
ইমেইল : ue.agailjhara@lged.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলা বরিশাল।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
৩. উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
৪. চেয়ারম্যান, রাজিহার / বাকাল / গৈলা / রত্নপুর ইউপি, তাঁহাকে বহুল প্রচারের এবং মহিলা কর্মী বাছাই কার্যক্রমে অংশ গ্রহন করার জন্য অনুরোধ করা হল।
৫. উপজেলা কর্মকর্তা আগৈলঝাড়া, বরিশাল।